

প্রেস রিলিজ  
তারিখ: ০৮ জুলাই ২০২৬

## বাউবির সেন্ট্রাল রিসার্চ কমিটির ১৫তম সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) সেন্ট্রাল রিসার্চ কমিটির ১৫তম সভা আজ ০৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ, বুধবার দুপুর ০২:৩০ টায় গাজীপুরস্থ উপাচার্যের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও সেন্ট্রাল রিসার্চ কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ সিদ্দিকুর রহমান খান।

সভাপতির বক্তব্যে উপাচার্য বলেন, "বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উচ্চশিক্ষা ও গবেষণার মানোন্নয়নে সেন্ট্রাল রিসার্চ কমিটির আজকের ১৫তম সভাটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের এমফিল ও পিএইচডি প্রোগ্রামের কোর্স শিক্ষক নিয়োগ, সেমিনার কমিটি গঠন, গবেষকদের তত্ত্বাবধায়ক পরিবর্তন এবং এমফিল থেকে পিএইচডিতে সফল স্থানান্তরসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রস্তাবনা আরএসিসির (RSC) সুপারিশের ভিত্তিতে অনুমোদিত হয়েছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, এই সমন্বিতসমূহ বাউবি'র সামগ্রিক উন্নত ও মানসম্মত গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল ও বেগবান করবে।"

উক্ত গুরুত্বপূর্ণ সভায় বিশ্ববিদ্যালয়ের চলমান বিভিন্ন গবেষণা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা, নতুন গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন এবং বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে নানাবিধ শিক্ষার্থীবান্ধব ও নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় কমিটির সম্মানিত সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার টি.এম আহমেদ হুসেইনের পরিচালনায় বাউবির বাউবির মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, বিভিন্ন স্কুলের ডিনবন্দ ও সংশ্লিষ্ট কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও কমিটির বহিরাগত সম্মানিত সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ আবদুল করিম ভারুয়ালি সংযুক্ত থেকে সভায় অংশগ্রহণ করেন।

প্রশাসন বিভাগের রিসার্চ ডিগ্রি ইউনিটের আয়োজনে সভায় সার্বিক সহযোগিতা প্রদান করেন সংশ্লিষ্ট ইউনিটের প্রধান ও যুগ্ম-পরিচালক এমএস তাসলিমা খানম।

মোঃ খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)